দৈনিক
ইনকিলাব

তারিখ ... 
পৃষ্ঠা ... 2 ... 27 AUG 2013

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ

# মেডিক্যাল ও ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষা ৪ অক্টোবর

□ স্টাফ রিপোর্টার : ২০১৩-১৪ শিক্ষাবর্ষের মেডিকেল ও ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৪ অক্টোবর। স্বাস্থ্য অধিদপ্তর সূত্রে এ তথ্য জানা গেছে। আজ সকালে ভর্তি পরীক্ষা নিয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের বৈঠকে এ তারিখ চূড়ান্ত করা [illegible] পৃ: ১৫ ক:

## মেডিক্যাল ও ডেন্টাল

১৬-এর পৃষ্ঠার পর

হবে। অধিদপ্তর সূত্র জানিয়েছে, গতবারের মতোই এবারও মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজগুলোতে ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করা হবে। ৪ অক্টোবর শুক্রবার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ১ ঘণ্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ সপ্তাহের শেষে অথবা আগামী সপ্তাহের শুরুতেই ভর্তি বিজ্ঞপ্তি দেওয়া হবে বলে জানায় সূত্র।

সূত্র আরো জানায়, আসন বৃদ্ধির ব্যাপারেও আজকের সভায় সিদ্ধান্ত নেওয়া হবে। বৈঠকে স্বাস্থ্যমন্ত্রী, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (স্বাস্থ্য ও শিক্ষা), সরকারি ও মেডিকেল কলেজের অধ্যক্ষবৃন্দ উপস্থিত থাকবেন। চিকিৎসা শিক্ষায় প্রথম বর্ষে ভর্তিতে এবার পূর্বের নিয়মই বহাল থাকছে। এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী বাছাইয়ে যথারীতি এমসিকিউ পদ্ধতির ভর্তি পরীক্ষা এবং দুই পাবলিক পরীক্ষায় শিক্ষার্থীদের অর্জিত জিপিএ'র ভিত্তিতে মেধা তালিকা প্রস্তুত করা হবে।

দেশের সব মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তির ক্ষেত্রে ২০১১ সালে সর্বশেষ একটি ভর্তি নীতিমালা হালনাগাদ করেছে স্বাস্থ্য অধিদপ্তর। এই নীতিমালা প্রণয়নে সংশ্লিষ্ট সবার মতামত নেওয়া হয়েছিল। এর ভিত্তিতে পরপর দুই শিক্ষাবর্ষে সুষ্ঠুভাবে শিক্ষার্থী ভর্তি করানো হয়েছে।

এ ব্যাপারে স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা) প্রফেসর ডা. এবিএম আবদুল হান্নান বলেন, মঙ্গলবারের (আজকের) সভায় সকল সিদ্ধান্ত নেওয়া হবে। কয়েকদিনের মধ্যেই ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।